রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, জুন ৯, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**কোম্পানি অ্যাফেয়ার্স -১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩/ ২৪ মে ২০২৬

নং **২৮.০০.০০০০.০০০.০৫৫.৩৫.০০০১.২২-৩২।**—"বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর আওতাধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ নীতিমালা, ২০২৬" প্রজ্ঞাপনটি এতৎসঙ্গে প্রকাশ করা হলো।

**"বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর আওতাধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ নীতিমালা, ২০২৬"**

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) আইন, ২০২২-এর ১৫ নম্বর ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকারের অনুমোদনক্রমে কোম্পানি আইন, ১৯৯৪ অনুযায়ী পেট্রোবাংলার অধীনে গঠিত কোম্পানিসমূহ পৃথক সংঘস্মারক ও সংঘবিধি দ্বারা পরিচালিত হয় এবং বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) আইন, ২০২২-এর ৭(ট) ধারা অনুসারে কর্পোরেশনের অধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ, বদলি ও পদায়নের বিধান রয়েছে। ফলে, পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ, বদলি ও পদায়নের উদ্দেশ্যে একটি স্বতন্ত্র নীতিমালা প্রণয়ন করা সমীচীন। এ পরিপ্রেক্ষিতে, পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহে মহাব্যবস্থাপক হতে পদোন্নতির মাধ্যমে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগদানের উদ্দেশ্যে "বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর আওতাধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ নীতিমালা, ২০২৬" প্রণয়ন করা হলো :

২। **সংক্ষিপ্ত শিরোনাম, অধিক্ষেত্র ও কার্যকারিতা।**—(১) এই নীতিমালা “বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)-এর আওতাধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক নিয়োগ নীতিমালা, ২০২৬” নামে অভিহিত হবে।

(২) এই নীতিমালা পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের জন্য প্রযোজ্য হবে।

(৩) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

৩। **নীতিমালার উদ্দেশ্য।**—এ নীতিমালার প্রধান উদ্দেশ্যসমূহ নিম্নরূপ :

(১) পেট্রোবাংলা’র অধীন কোম্পানিগুলোর কার্যক্রম দক্ষভাবে পরিচালনার জন্য যোগ্য, পেশাগতভাবে সক্ষম ও অভিজ্ঞ ব্যক্তিকে ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগ নিশ্চিত করা;

(২) ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহি ও ন্যায্য প্রতিযোগিতা নিশ্চিত করে মেধা ও যোগ্যতাভিত্তিক নির্বাচন প্রক্রিয়া প্রবর্তন করা;

(৩) পেট্রোবাংলার আওতাধীন সকল কোম্পানিতে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের ক্ষেত্রে অভিন্ন যোগ্যতা, মানদন্ড ও প্রক্রিয়া অনুসরণ নিশ্চিত করে কর্পোরেট সুশাসন শক্তিশালী করা এবং

(৪) পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহে কর্মদক্ষতা, কৌশলগত পরিকল্পনা ও ফলাফলভিত্তিক ব্যবস্থাপনার সংস্কৃতি প্রতিষ্ঠায় উপযুক্ত নেতৃত্ব নির্বাচন।

৪। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে এই নীতিমালায়—

(ক) “মহাব্যবস্থাপক” অর্থ পেট্রোবাংলা বা পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহে চাকরিরত কোনো মহাব্যবস্থাপক;

(খ) “কোম্পানি” অর্থ কোম্পানি আইন, ১৯৯৪-এর অধীন নিবন্ধিত পেট্রোবাংলার আওতাধীন কোনো কোম্পানি;

(গ) “জ্যেষ্ঠতার তালিকা” অর্থ এই নীতিমালার দফা ৪-এর অধীনে প্রণীত চূড়ান্ত তালিকা;

(ঘ) “যোগ্যতা” অর্থ এই নীতিমালার দফা ৫, ৬ ও ৭-এর অধীনে বর্ণিত যোগ্যতা এবং

(ঙ) “নিয়োগ কমিটি” অর্থ এই নীতিমালার দফা ৮-এ বর্ণিত পেট্রোবাংলা’র আওতাধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগ প্রদানের জন্য গঠিত কমিটি।

৫। **জ্যেষ্ঠতার তালিকা।**—(১) পেট্রোবাংলা এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে বিদ্যমান বিধিবিধান অনুসরণপূর্বক প্রতিবছর জানুয়ারি মাসের মধ্যে পেট্রোবাংলা ও এর আওতাধীন সকল কোম্পানির মহাব্যবস্থাপকগণের সমন্বিত জ্যেষ্ঠতার তালিকা প্রণয়ন করবে। তবে, পরবর্তীকালে প্রয়োজনের নিরিখে জ্যেষ্ঠতার তালিকাটি হালনাগাদ করা যাবে।

(২) উপদফা (১)-এর অধীন প্রস্তুতকৃত জ্যেষ্ঠতার তালিকাটি পেট্রোবাংলার নোটিশবোর্ড ও ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করতে হবে।

(৩) উপদফা (১)-এ বর্ণিত জ্যেষ্ঠতার তালিকার বিষয়ে পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহে কর্মরত মহাব্যবস্থাপকগণের কারও আপত্তি, অভিযোগ বা পরামর্শ থাকলে উক্ত তালিকা প্রকাশের ১৫ (পনেরো) পঞ্জিকা দিবসের মধ্যে তা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর লিখিতভাবে দাখিল করতে হবে।

(৪) উপদফা (৩)-এর অধীন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রাপ্ত আপত্তি, অভিযোগ বা পরামর্শ পরবর্তী ১৫ (পনেরো) পঞ্জিকা দিবসের মধ্যে শুনানি ও নিষ্পত্তি করত চেয়ারম্যান, পেট্রোবাংলা কর্তৃক স্বাক্ষরিত চূড়ান্ত তালিকা পেট্রোবাংলার নোটিশবোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

৬। **প্রাথমিক যোগ্যতা।**—(১) পেট্রোবাংলার আওতাধীন কোনো কোম্পানিতে ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের জন্য প্রার্থীর নিম্নরূপ প্রাথমিক যোগ্যতা থাকতে হবে, যথা:—

(ক) পেট্রোবাংলা বা পেট্রোবাংলার আওতাধীন কোনো কোম্পানির চাকরিতে স্থায়ী হতে হবে এবং পেট্রোবাংলা বা এর আওতাধীন কোনো কোম্পানিতে মহাব্যবস্থাপক পদে কমপক্ষে ৩ (তিন) বছরের চাকরিকাল পূর্ণ হতে হবে;

(খ) প্রার্থীর নবম ও তদূর্ধ্ব গ্রেডে প্রথম শ্রেণির পদে ন্যূনতম ১৯ (উনিশ) বছর চাকরির অভিজ্ঞতা থাকতে হবে:

(গ) প্রার্থীর অবশিষ্ট চাকরিকাল ন্যূনতম ১ (এক) বছর হতে হবে এবং

(ঘ) শিক্ষাজীবনের কোনো পর্যায়ে ৩য় বিভাগ গ্রহণযোগ্য হবে না।

(২) প্রার্থীর বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগনামা গঠন করা হয়ে থাকলে বা বিভাগীয় মামলায় অভিযোগনামা গঠন-পরবর্তী কার্যক্রম চলমান থাকলে অথবা ফৌজদারি অপরাধসংক্রান্ত কোনো অভিযোগে আদালত কর্তৃক অভিযোগনামা (চার্জশিট) গৃহীত হলে বা ফৌজদারি মামলায় আদালত কর্তৃক অভিযোগনামা (চার্জশিট) গ্রহণ-পরবর্তী বিচার কার্যক্রম চলমান থাকলে অথবা দুর্নীতি দমন কমিশন কর্তৃক প্রার্থীর বিরুদ্ধে মামলা দায়েরের সিদ্ধান্ত গৃহীত হলে (চার্জশিট দাখিল) বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা চলমান থাকলে তিনি ব্যবস্থাপনা পরিচালক নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(৩) কোনো প্রার্থী চাকরিজীবনে গুরুদণ্ড প্রাপ্ত হলে তিনি ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের জন্য বিবেচিত হবেন না। কোনো প্রার্থী লঘুদণ্ড প্রাপ্ত হলে লঘুদণ্ড ভোগের মেয়াদ শেষে ১ (এক) বছর অতিক্রান্ত না হলে তিনি ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের জন্য বিবেচিত হবেন না।

(৪) কোনো প্রার্থী বিভাগীয় মামলা থেকে অব্যাহতি লাভ করলে বা উক্ত মামলায় দোষী সাব্যস্ত না হলে বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত মামলা বা ফৌজদারি মামলার অভিযোগ থেকে অব্যাহতি লাভ করলে তিনি ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন।

৭। **শিক্ষাগত যোগ্যতা।**— (১) দেশে/বিদেশে স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয়/কলেজ হতে ন্যূনতম ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ—

ক) বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং ডিগ্রি; অথবা

খ) ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা

গ) ৩ (তিন) বছর মেয়াদি স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা

ঘ) স্নাতকসহ (পাসকোর্স) স্নাতকোত্তর ডিগ্রি।

(২) বিদেশি বিশ্ববিদ্যালয়/শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমতার সার্টিফিকেট বিবেচনা করা হবে।

৮। **অন্যান্য যোগ্যতা।**—পেট্রোবাংলার আওতাধীন কোনো কোম্পানিতে ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের জন্য প্রার্থীর নিম্নরূপ অন্যান্য যোগ্যতা থাকতে হবে, যথা :

(ক) শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে;

(খ) মহাব্যবস্থাপক পদে চাকরিকালীন এসিআর সন্তোষজনক থাকতে হবে;

(গ) পেট্রোবাংলা ও অধীন কোম্পানিসমূহের কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা এবং মাঠ পর্যায়ে কাজের অভিজ্ঞতা থাকতে হবে;

(ঘ) যে কোনো বিষয় বাংলা ও ইংরেজিতে সহজ ও সাবলীলভাবে প্রকাশ ও লেখার সক্ষমতা থাকতে হবে;

(ঙ) উপমহাব্যবস্থাপক বা মহাব্যবস্থাপক পর্যায়ে পেট্রোবাংলা বা অধীন কোম্পানিতে কর্মরত থাকাকালীন কোনো ধরনের কৃতিত্ব/নেতৃত্ব/ইনোভেশন/ক্রাইসিস ম্যানেজমেন্ট ইত্যাদিতে তার যোগ্যতা/দক্ষতা সম্পর্কে কোনো অর্জন/অবদান থাকলে তা অধিকতর যোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

(চ) তথ্যপ্রযুক্তি (আইটি) বিষয়ে পারদর্শিতা থাকতে হবে;

(ছ) ব্যক্তিত্বসম্পন্ন ও নেতৃত্বদানের যোগ্যতা থাকতে হবে এবং

(জ) কোম্পানি আইন, শ্রম আইন, ক্রয় ব্যবস্থাপনা, আর্থিক ব্যবস্থাপনা, প্রকল্প ব্যবস্থাপনাসহ সরকারের বিভিন্ন আইন ও বিধিবিধান সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে।

৯। **নিয়োগ কমিটি।**—(১) পেট্রোবাংলা'র আওতাধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের উদ্দেশ্যে প্রার্থী নির্বাচন/বাছাইয়ের জন্য নিম্নরূপ নিয়োগ কমিটি থাকবে :

| | | | |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, পেট্রোবাংলা | : | আহ্বায়ক |
| ২. | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন প্রতিনিধি | : | সদস্য |
| ৩. | অতিরিক্ত মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ | : | সদস্য |
| ৪. | পরিচালক (অর্থ), পেট্রোবাংলা | : | সদস্য |
| ৫. | পরিচালক (অপারেশন), পেট্রোবাংলা | : | সদস্য |
| ৬. | বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (বিপিসি)'র একজন পরিচালক পর্যায়ের প্রতিনিধি | : | সদস্য |
| ৭. | পরিচালক (প্রশাসন), পেট্রোবাংলা | : | সদস্য-সচিব |

(২) নিয়োগ কমিটি পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগের যাবতীয় কার্যক্রম গ্রহণ করবে।

১০। **প্রাথমিক সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন।**—নিয়োগ কমিটি, পেট্রোবাংলার আওতাধীন কোনো কোম্পানির ব্যবস্থাপনা পরিচালকের পদ শূন্য হলে, এই নীতিমালার দফা ৫-এর অধীন প্রস্তুতকৃত পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের মহাব্যবস্থাপকগণের সমন্বিত জ্যেষ্ঠতা তালিকা হতে প্রার্থী নির্বাচনের লক্ষ্যে দফা ৬, ৭ ও ৮-এর আলোকে যোগ্যতা যাচাই করত সাক্ষাৎকার (মৌখিক পরীক্ষা) গ্রহণের নিমিত্তে প্রতিটি শূন্য পদের বিপরীতে জ্যেষ্ঠতা তালিকার ক্রম অনুসরণপূর্বক সর্বোচ্চ ০৩ (তিন) জন প্রার্থীর প্রাথমিক সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করবে।

১১। **সাক্ষাৎকার গ্রহণ।**—(১) নিয়োগ কমিটি প্রাথমিক সংক্ষিপ্ত তালিকার প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করবে, যা মৌখিক পরীক্ষা হিসেবে গণ্য হবে।

(২) নিয়োগ কমিটি সাক্ষাৎকার গ্রহণের সময় এ নীতিমালার দফা ১২-এ বর্ণিত ব্যবস্থাপনা পরিচালক পদে প্রার্থীর যোগ্যতা মূল্যায়নের সূচক (Criteria)-এর আলোকে দক্ষতা মূল্যায়নপূর্বক উপযুক্ত নম্বর প্রদান করবে।

**১২। মানবণ্টন ও প্রার্থী বাছাই।**—(১) ব্যবস্থাপনা পরিচালক পদে প্রার্থীর যোগ্যতা মূল্যায়নের পূর্ণমান হবে ১০০, যার বিভাজন/বণ্টন নিম্নরূপ:

| ক্রম | বিবরণ | নম্বর |
|---|---|---|
| (ক) | শিক্ষাগত যোগ্যতা | ২৫ |
| (খ) | সর্বশেষ ৫ বছরের বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) নম্বরের গড় | ২৫ |
| (গ) | চাকরিজীবনের শুরু হতে বিগত পাঁচ বছরের পূর্ব পর্যন্ত সকল বছরের বার্ষিক গোপনীয় অনুবেদনের গড় | ২০ |
| (ঘ) | চাকরিজীবনে বিশেষ অর্জন/অবদান | ২ |
| (ঙ) | জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ে একটি প্রেজেন্টেশন তৈরি | ৮ |
| (চ) | উক্ত প্রেজেন্টেশন উপস্থাপনা | ১০ |
| (ছ) | মৌখিক পরীক্ষা | ১০ |
| **সর্বমোট নম্বর** | | **১০০** |

(২) উপদফা (১) (ক)-এ বর্ণিত শিক্ষাগত যোগ্যতার মানবণ্টন নিম্নরূপ :

| **পরীক্ষার নাম** | শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ | |
|---|---|---|
| | **১ম শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ** | **২য় শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ** |
| ১. এসএসসি বা সমমান | ৬ | ৪ |
| ২. এইচএসসি বা সমমান | ৬ | ৪ |
| ৩. স্নাতক (পাসকোর্স) ও স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে : | | |
| ৩.১ স্নাতক (পাসকোর্স) ডিগ্রি | ৯ | ৬ |
| ৩.২ স্নাতকোত্তর ডিগ্রি | ৪ | ৩ |
| ৪. তিন বছর মেয়াদি স্নাতক ও এক বছর মেয়াদি স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে : | | |
| ৪.১ স্নাতক (সম্মান) ডিগ্রি | ৯ | ৬ |
| ৪. ২ স্নাতকোত্তর ডিগ্রি | ৪ | ৩ |
| ৫. চার বছর মেয়াদি বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং/ স্নাতক (সম্মান) ডিগ্রি | ১৩ | ৯ |

(৩) (ক) শিক্ষাগত যোগ্যতার মানবণ্টনের ক্ষেত্রে শ্রেণি/বিভাগ/সমমানের সিজিপিএ-এর সমতার বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন অনুসৃত হবে।

(খ) বিদেশি ডিগ্রির মানবণ্টনের ক্ষেত্রে ইউজিসি কর্তৃক প্রদত্ত সমতা সনদ বিবেচিত হবে।

(গ) ৪ (চার) বছর মেয়াদি বিএসসি-ইন-ইঞ্জিনিয়ারিং অথবা ৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এর ক্ষেত্রে স্নাতকোত্তর ডিগ্রির জন্য আলাদা নম্বর প্রদান করা হবে না।

(৪) উপদফা (১) (খ) ও (গ)-এ বর্ণিত বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর)-এর নম্বরের ক্ষেত্রে যথাক্রমে বিগত পাঁচ বছরের এসিআরসমূহে প্রাপ্ত গড় নম্বরের ২৫% নম্বর এবং চাকরিজীবনের শুরু হতে বিগত পাঁচ বছরের পূর্ব পর্যন্ত সকল বছরের এসিআরসমূহে প্রাপ্ত গড় নম্বরের ২০% নম্বর বিবেচিত হবে।

(৫) উপদফা (১) (ঘ)-এ বর্ণিত চাকরিজীবনে কর্মক্ষেত্রে বিশেষ অর্জন/অবদানের ক্ষেত্রে উপমহাব্যবস্থাপক বা মহাব্যবস্থাপক পর্যায়ে কোনো ধরনের কৃতিত্ব বা নেতৃত্ব বা ইনোভেশন বা ক্রাইসিস ম্যানেজমেন্ট ইত্যাদিতে যোগ্যতা/দক্ষতা সম্পর্কে কোনো অর্জন/অবদানের বিষয়ে কর্তৃপক্ষের স্বীকৃতি থাকতে হবে।

**১৩। প্রার্থী চূড়ান্তকরণ।** (১) ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগ প্রাপ্তির জন্য এ নীতিমালার দফা ১২ (১)-এ বর্ণিত ১০০ নম্বরের মধ্যে প্রার্থীর (অর্জিত) ন্যূনতম কোয়ালিফাইং নম্বর হবে ৮৫।

(২) ব্যবস্থাপনা পরিচালক পদে নিয়োগ প্রাপ্তির জন্য কমিটি কর্তৃক গৃহীত সাক্ষাৎকারে মৌখিক পরীক্ষার জন্য নির্ধারিত ১০ নম্বর এর মধ্যে প্রার্থীকে ন্যূনতম ৭ নম্বর অর্জন করতে হবে।

(৩) ন্যূনতম কোয়ালিফাইং নম্বর অর্জনকারী প্রার্থীদের মধ্য হতে সর্বাধিক নম্বর প্রাপ্ত প্রার্থী শূন্য পদের বিপরীতে ব্যবস্থাপনা পরিচালক হিসেবে নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হবেন। একাধিক প্রার্থীর প্রাপ্ত নম্বর সমান হলে জ্যেষ্ঠতা তালিকায় জ্যেষ্ঠ প্রার্থী নিয়োগের জন্য বিবেচিত হবেন।

**১৪। বিবিধ।** জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ প্রয়োজন অনুযায়ী এ নীতিমালা সময় সময় পরিবর্তন বা সংশোধন করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাইফুল ইসলাম**
সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd